

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৪৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّالِثُ (بَابِ جَامِعِ المناقب)

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَمِيرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ لِمُعَاوِيَةَ: «اللَّهُمَّ اجْعَلْهُ هَادِيًا مَهْدِيًّا وَاهْدِ بِهِ» . رَوَاهُ التِّرْمِذِي

اسناده صحیح ، رواه الترمذی (3842 وقال : حسن غریب) ۔ (صَحِیح)

বাংলা

৬২৪৪-[৪৯] 'আবদুর রহমান ইবনু আবূ 'আমীরাহ্ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। [নবী (সা.)] মু'আবিয়াহ্ - এর জন্য এভাবে দু'আ করেছেন- 'হে আল্লাহ! তুমি তাকে সঠিক পথপ্রদর্শনকারী, সত্য পথের অনুসারী কর এবং তার কর্তৃক মানুষদেরকে হিদায়াত কর।' (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩৮৪২, সিলসিলাতুস সহীহাহ্ ১৯৬৯, মুসনাদে আহমাদ ১৭৯২৬, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩২৩৪২, সহীহ ইবনু হিব্বান ৭২০১, হিলইয়াতুল আওলিয়া ৮/৩৫৮, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ২২০৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ لِمُعَاوِيَة) এখানে সাধারণভাবে স্পষ্ট মনে উদয় হয় যে, তিনি হলেন মু'আবিয়াহ্ ইবনু আবূ সুফইয়ান। এছাড়া মু'আবিয়াহ্ ইবনুল হাকাম, মু'আবিয়াহ্ ইবনু জাহিমাহ্ ও অন্যতম সাহাবী (রাঃ) ছিলেন। যেমনটি সম্মানিত লেখক তার রিজালশাস্ত্রে উল্লেখ করেন।



(اَللَّهُمَّ اجْعَلْهُ هَادِيًا) অর্থাৎ মানুষের পথপ্রদর্শক অথবা কল্যাণের পথনির্দেশক।

(وَاهْدِ بِنِهِ) অর্থাৎ মু'আবিয়াহ্ (রাঃ)-এর মাধ্যমে মানুষকে হিদায়াত দান করুন। এতে (الْهِدَايَةِ) শব্দটি যে (مُتَعَدَّى) সে অর্থের তাগিদ রয়েছে। জেনে রাখ! (الْهِدَايَةِ) শব্দটি শুধু পথপ্রদর্শন অর্থে অথবা এমন নির্দেশনা অর্থে ব্যবহার হয় যা কাঞ্জিত লক্ষেয পৌছিয়ে দেয়।

ইমাম মুহাম্মাদ ইবনু ইসমাঈল আল বুখারী (রহিমাহুল্লাহ) বর্ণনা করেন, (فَهَدَيْنَاهُمْ) অর্থ وَلَشَرّ) وَهَدَيْنَاهُمْ عَلَى الْخَيْرِ - अर्थाৎ কল্যাণ এবং অকল্যাণের পথ দেখালাম। যেমন- আল্লাহ তা'আলার বাণী: (وَهَدَيْنَانُهُ النَّجِيَدَيْنَ النَّبِيَانِ) 'আর আমি তাকে (পাপ ও পুণ্যের) দুটো পথ দেখিয়েছি"- (সূরা আল বালাদ ৯০: ১০)।

আর (الْهَدْي) (পথপ্রদর্শন) অর্থে ব্যবহার হয় তা إِرْشَادِ) (সৌভাগ্যবান করা) অর্থে ব্যবহার হয়েছে। সে অর্থে মহান আল্লাহর বাণী: (الْهَدُنهُمُ اقَاتَدِهُ وَاللهُ فَبِهُدُنهُمُ اقَاتَدِهُ "ওরা হলো তারা যাদেরকে আল্লাহ হিদায়াত দান করেছিলেন, তুমি তাদের পথ অনুসরণ কর…"- (সূরাহ্ আল আ'আম ৬: ৯০)।

আরো কেউ বলেন, (الْهِدَايَة) শব্দের আভিধানিক অর্থ (الدَّلَالَة) (পথ প্রদর্শন)। যখন কাউকে পথ দেখানো হয় তখন বলা হয় الْهِدَايَةً) الْلَارْشَادِ بهِ هِدَايَةً) الْلَارْشَادِ তখন বলা হয় (الْهَدْي) এর আসল অর্থে ব্যবহারের জন্য (الْهَدْي) -কে উল্লেখ করা হয়। সে কারণ হ্যাঁ-বোধক ও না-বোধক উভয় জায়িয়। আল্লাহ তা'আলা বলেন,ত্র্তু ত্রত্ত্র্তু ত্রি হ্রা ত্রিম যাকে ভালোবাস তাকে সৎপথ দেখাতে পারবে না..."- (সূরাহ আল কাসাস ২৮: ৫৬)। অন্যত্র আল্লাহ বলেন, (اللهِ مُسْاتِقِيقَ مِ) তুমি নিশ্চিতই (মানুষদেরকে) সঠিক পথের দিকে নির্দেশ করছ"- (সূরা আশ শ্রা- ৪২: ৫২)।

هَامًا (রহিমাহুল্লাহ) বলেন, যদি রাসূল (সা.) -এর বাণী: (هَادِيًا)-কে প্রথম অর্থে ধরা হয়, তাহলে (مَهْدِيًا) তার পূর্ণাঙ্গতা হিসেবে ধরতে হবে। কারণ তিনি পথপ্রদর্শক হতে পারেন, কিন্তু সুপথপ্রাপ্ত করতে পারেন না। আর (واهْدِياً)-কে তার পূর্ণতা হিসেবে গণ্য হবে। যেহেতু যার পথপ্রদর্শনে সফলতা পাওয়া যায় তাকে প্রত্যেকে অনুসরণ করে পূর্ণাঙ্গতাকে সুসম্পন্ন করে। তবে যখন দ্বিতীয় অর্থে ধরা হয়, তখন (اهْدِياً) -কে তাগিদ হিসেবে ধরা হবে। আর (اهْدِياً) হবে তার পরিপূর্ণতাস্বরূপ, অর্থাৎ পূর্ণাঙ্গতায় পরিপূর্ণ। এতে কোন সন্দেহ নেই য়ে, রাসূল (সা.) -এর দু'আ কবুলযোগ্য। অবস্থা যখন এই তখন তার ব্যাপারে কিভাবে সন্দেহ পোষণ করা যায়? আর য়ে ব্যক্তি (য়ির্ট্রা) -এর আরো অর্থ বের করতে চাইবে তার জন্য অদৃশ্য খুলে যাওয়ার সুযোগ রয়েছে। সেখানে তার জন্য যথেষ্ট কিছু রয়েছে। (মির্ক্রাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ 'আমীরাহ্ (রাঃ)
🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86220

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন